বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,ঢাকা।

গোপনীয়

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২৫৯(২০১৪-২০১৫)/ ২০১৮-২০১৯/

তারিখঃ ০৫.০৭.২০১৮ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব সরদার নূর ইসলাম, উর্ধতন মুখ্য কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা, ইতিপূর্বে যশোর অঞ্চলাধীন বিকেবি, রূপদিয়া শাখায় ব্যবস্থাপক(মুঃকঃ) হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বিকেবি ( কর্মকর্তা ও কর্মচারী ) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৮ (ক), (খ),(ঘ) ও (ঙ) প্রবিধি মোতাবেক আপনাকে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ,অদক্ষতা ও দুর্নীতিমূলক অপরাধের জন্য ৩০/১৪-১৫ নম্বর বিভাগীয় শৃংখলাজনিত মামলা রুজুপূর্বক ১০.০১.২০১৬ ইং তারিখের প্রকাঃ এইচআর এমডিঃ ৩ঃ১ঃ৩২৫৯ / ২০১৪-২০১৫/ ১৭৯৭ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্ত বোর্ড নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্ত বোর্ড বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ,আপনার জবাব, তদন্ত বোর্ডের দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষংগিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব সরদার নূর ইসলাম আপনাকে আপনার বিরুদ্ধে প্রমানিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরুদন্ডে দন্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকুরী হইতে বরখাস্ত অথবা বিকল্প গুরু দন্ড প্রদান করা হইবে না- এই মর্মে অত্র বিভাগের ০৫.০৪.২০১৭ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২৫৯/ ২০১৪-২০১৫/ ৩৪০৫ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণার মাধ্যমে আপনাকে চূড়ান্ত কারন দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল। আপনি ৩০.০৪.২০১৭ ইং তারিখে উহার জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনার দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ আপনি জনাব সরদার নূর ইসলাম আপনাকে গুরু দন্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন ;

০৪। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক ( কর্মকর্তা ও কর্মচারী ) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯ (১)(খ)(আ) প্রবিধি অনুসারে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা আপনি জনাব সরদার নূর ইসলাম আপনার মাসিক বেতন হইতে মূল বেতনের এক-তৃতীয়াংশ হারে কর্তন করিয়া বিকেবি, রূপদিয়া শাখার আয় খাতে জমা করিবার আদেশ দিলেন। যদি আপনার চাকুরীকালে উল্লিখিত টাকা সম্পূর্ণরূপে কর্তন শেষ না হয়, তাহা হইলে অবশিষ্ট অনাদায়ী টাকা আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে এককালীন কর্তন করিয়া আয় খাতে জমা করিবার জন্যও আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব সরদার নূর ইসলাম (এন-১১২১)
উর্ধতন মুখ্য কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়
খুলনা।

স্বাক্ষরিত
(মোঃ মোশাররফ হোসেন)
উপ-মহাব্যবস্থাপক

---

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২৫৯(২০১৪-২০১৫)/ ২০১৮-২০১৯/ ৪৬ (৮)

তারিখঃ ০৫.০৭.২০১৮ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকা।

২। স্টাফ অফিসার,উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-১/২/৩,বিকেবি,প্রধান কার্যালয়, ঢাকা।

৩। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর,বিকেবি,প্রধান কার্যালয়, ঢাকা।

৪। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক,বিকেবি,বিভাগীয় কার্যালয়,খুলনা। এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব সরদার নূর ইসলাম এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। কর্তৃপক্ষীয় উপরোক্ত রায় মোতাবেক জনাব সরদার নূর ইসলাম এর মাসিক বেতন হইতে মূল বেতনের এক-তৃতীয়াংশ হারে কর্তন করিয়া বিকেবি, রূপদিয়া শাখার আয় খাতে জমা করিবার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল। ইহাছাড়া, পরবর্তীতে জনাব সরদার নূর ইসলাম এর বদলী জনিত কারনে তাহার এল.পি.সি-তে কর্তনের বিষয়টি উল্লেখ নিশ্চিত করনের জন্যও অনুরোধ করা হইল।

৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা,বিকেবি,বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, খুলনা। শাখা / কার্যালয় নিরীক্ষাকালীন সময়ে উপরোক্ত কর্তনের বিষয়টি শাখা / কার্যালয় যথাযথ পরিপালন করিতেছে কিনা তাহা যাচাই করনের জন্য অনুরোধ করা হইল।

৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২, বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল।

৭। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪ / কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকা। উপরোক্ত কর্তৃপক্ষীয় রায় মোতাবেক পরবর্তী সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

৮। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

৯। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক,বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়,খুলনা।

১০। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক,বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়,যশোর।

১১। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, খুলনা / যশোর। শাখা নিরীক্ষাকালীন সময়ে উপরোক্ত কর্তনের বিষয়টি শাখা কর্তৃক যথাযথ পরিপালন করিতেছে কিনা তাহা যাচাই করনের জন্য অনুরোধ করা হইল।

১২ ব্যবস্থাপক,বিকেবি, নিউমার্কেট শাখা, খুলনা। উপরোক্ত কর্তৃপক্ষীয় রায় মোতাবেক জনাব সরদার নূর ইসলাম এর মাসিক বেতন হইতে মূল বেতনের এক-তৃতীয়াংশ হারে কর্তনকৃত টাকার ক্রেডিট এ্যাডভাইস বিকেবি, রূপদিয়া শাখার আয় খাতে জমা করিবার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

১৩। ব্যবস্থাপক,বিকেবি, রূপদিয়া শাখা, যশোর। উপরোক্ত কর্তৃপক্ষীয় রায় মোতাবেক বিকেবি, নিউমার্কেট শাখা, খুলনা হইতে জনাব সরদার নূর ইসলাম এর মাসিক বেতন হইতে মূল বেতনের এক-তৃতীয়াংশ হারে কর্তনকৃত টাকার ক্রেডিট এ্যাডভাইস প্রাপ্তির পর উক্ত টাকা রূপদিয়া শাখার আয় খাতে জমা করিবার জন্য অনুরোধ করা হইল।

১৪। নথি/ মহানথি / মূলনথি।

(মোঃ ওবায়েদ উল্লাহ) ০৫.০৭.১৮
সহকারী মহাব্যবস্থাপক

D:\DILIP ROY\DILIP\DILIP ANNOUNS.doc